

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
লাইভস্টক এন্ড ডেইরী ডেভেলপমেন্ট প্রজেক্ট  
প্রাণিসম্পদ অধিদপ্তর, ভবন-২, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।

স্মারক নং- ৩৩.০১.০০০০.৮২৮.০২.০০৩.২০/২০২১


তারিখ : ০৫/০২/২০২০ খ্রীঃ

বিষয় : প্রাণিসম্পদ অধিদপ্তরের আওতাধীন প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি) কর্তৃক জেলা ও উপজেলা প্রাণিসম্পদ দপ্তর বরাবরে হাউজহোল্ড সার্ভে সংক্রান্ত ব্যয় ও অফিস ব্যবস্থাপনা সংক্রান্ত আনুসঙ্গিক ব্যয় নির্বাহের জন্য প্রেরিত অর্থ খরচের অনুসরণীয় নির্দেশনা প্রেরণ প্রসঙ্গে।

প্রাণিসম্পদ অধিদপ্তরের আওতাধীন প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি) কর্তৃক জেলা ও উপজেলা প্রাণিসম্পদ দপ্তর বরাবরে হাউজহোল্ড সার্ভে সংক্রান্ত ব্যয় ও অফিস ব্যবস্থাপনা সংক্রান্ত আনুসঙ্গিক ব্যয় নির্বাহের জন্য প্রেরিত অর্থ খরচের অনুসরণীয় নির্দেশনা পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল।

সংযুক্তি :

- ক) নির্দেশনা (১ পাতা)
- খ) হিসাব বিবরণী ছক ১ (১ পাতা)
- গ) হিসাব বিবরণী ছক ২ (১ পাতা)
- ঘ) হিসাব বিবরণী ছক ৩ (১ পাতা)
- ঙ) হিসাব বিবরণী ছক ৪ (২ পাতা)
- চ) ফাংশন - ১ (১ পাতা)
- ছ) ফাংশন - ২ (১ পাতা)



(কাজী ওয়াছি উদ্দিন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)  
প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প  
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।



প্রয়োজনীয় কার্যার্থে :

- ১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, .....(প্রকল্পভূক্ত ৬১ জেলা)।
- ২। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, .....(প্রকল্পভূক্ত ৪৬৬ উপজেলা)।

সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ

- ১। উপ-পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
- ২। পরিচালক (সম্প্রসারণ/প্রশাসন), প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৪। অফিস কপি।

প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)-এর আওতায় (ক) উপজেলায় নিয়োজিত এলএসপিগণ দ্বারা হাউজহোল্ড সার্ভে সম্পাদন, (খ) উপজেলা অফিস কর্তৃক এ সংক্রান্ত কার্যাদী মনিটরিং ও সুপারভিশন এবং (গ) জেলা অফিসের অফিস সংক্রান্ত আনুসঙ্গিক ব্যয় নির্বাহের নিমিত্তে প্রকল্প অফিস কর্তৃক জেলা ও উপজেলা অফিসে প্রেরিত অর্থ ব্যবহারের অনুসরণীয় নির্দেশিকা :

১. এলএসপি কর্তৃক সুষ্ঠুভাবে হাউজহোল্ড সার্ভে সম্পাদনের নিমিত্তে এলডিডিপি অফিস কর্তৃক ইউনিয়নওয়ারী ৩০০০/- টাকা, উপজেলা অফিস কর্তৃক এ সংক্রান্ত কার্যাদী মনিটরিং এবং সুপারভিশনের নিমিত্তে উপজেলাওয়ারী ৩০,০০০/- টাকা এবং জেলা অফিসের আনুসঙ্গিক ব্যয় নির্বাহ বাবদ মাসিক ৫,০০০/- টাকা হারে ০৩ (তিন) মাসের (জানু-মার্চ ২০২০) জন্য জেলাওয়ারী ১৫,০০০/- টাকা বরাদ্দ আছে।

২. উল্লেখিত অর্থের বিপরীতে দু'টি পৃথক বিস্তারিত বাজেট তৈরী পূর্বক উপজেলা অফিসসমূহে প্রেরণ করা হয়েছে এবং তদানুযায়ী খরচ নির্বাহ করার জন্য নির্দেশ প্রদান করা হল।

৩. প্রতিটি ব্যয়ের জন্য (১০০০ টাকার উর্ধ্বে) ১০ টাকার রেভিনিউ স্ট্যাম্প ব্যবহার করতে হবে। প্রতিটি ব্যয় উপযুক্ত কর্মকর্তা কর্তৃক (DLO/ULO) অনুমোদিত ও স্বাক্ষরিত হতে হবে এবং প্রতিটি ব্যয় পরিশোধের ক্ষেত্রে প্রযোজ্য সরকারী নিয়ম অনুসরণ করতে হবে।


৪. প্রতিটি ব্যয়ের বিপরীতে সরকারী বিধি বিধান অনুযায়ী ভ্যাট (৭.৫%) ও আয়কর (২%) কর্তন করতে হবে এবং পৃথক ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগারে উল্লেখিত অর্থ জমাদান পূর্বক সংশ্লিষ্ট বিল ভাউচারের সহিত সংরক্ষন করতে হবে।

৫. প্রতিটি জেলা ও উপজেলা অফিসকে এলডিডিপি হতে প্রেরিত অর্থের বিপরীতে সকল প্রকার ব্যয় সংশ্লিষ্ট বিল/ভাউচার, পৃথক ফাইল এবং প্রয়োজনীয় Inventory/Stock register/Cash Book/Payment register সঠিকভাবে সংরক্ষন করতে হবে যা প্রতি অর্থ বছরের শেষে (৩০ শে জুন) সরকার কর্তৃক পরিচালিত FAPAD নিরীক্ষা কার্যক্রমের আওতায় উল্লেখিত A/C এর বিপরীতে অডিট পরিচালিত হবে।

৬. উল্লেখিত অর্থের বিপরীতে ব্যয় নির্বাহ পূর্বক প্রকল্প অফিস কর্তৃক প্রদত্ত ছক অনুযায়ী বরাদ্দকৃত অর্থের বিপরীতে খরচের বিবরণী অর্থ প্রেরণের পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে প্রকল্প পরিচালক, এলডিডিপি এর ঢাকাছ পিএমইউ অফিসে প্রেরণ করতে হবে।

৭. অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোন অডিট আপত্তি আরোপিত হলে তা নিষ্পত্তির নিমিত্তে যথাযথ জবাব অত্র প্রকল্প অফিসে প্রেরণ/করতে হবে।

৮. উপজেলার এলডিডিপি হিসাবে কোন প্রকার অব্যয়িত অর্থ প্রকল্প অফিসের সহিত যোগাযোগের মাধ্যমে অত্র প্রকল্পের চলতি হিসাব নাম: প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প, হিসাব নাম্বার ০১১৪৯০৩০০০০২৮, সোনালী ব্যাংক, ফার্মগেট শাখা, ঢাকা-১২১৫ বরাবরে ফেরত প্রদান করতে হবে।



০২/০২/২০২০  
কাজী ওয়াছি উদ্দিন

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)  
প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প  
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।